



জলবায়ু পরিবর্তন প্রতিরোধ করুন! বাংলাদেশ বাঁচান!



সেপ্টেম্বর ১৮ তারিখে জাতিসংঘের নিউ ইয়র্ক সদর দফতরে বাংলাদেশী প্রতিবাদ সভায় যোগ দিন!

(সকাল ১০টা থেকে দুপুর ১টা, রালফ বৃষ্ণ পার্ক, ১ম এভিনিউ, ৪২ ও ৪৪ সড়কের মাঝে)

প্রিয় প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশের আন্তর্জাতিক বন্ধুগণ!

বাংলাদেশ আজ একটি মারাত্মক চ্যালেঞ্জের সম্মুখীন, এবং তা হলো জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ। অত্যন্ত দুঃখজনক যে, জলবায়ু পরিবর্তন ডেকে আনার পেছনে কোন ভূমিকা না থাকা সত্ত্বেও এই পরিবর্তন দ্বারা বাংলাদেশই সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হবে। নিম্নরূপ বিভিন্ন ধারায় বাংলাদেশ ক্ষতিগ্রস্ত হবে।

- ১) ভূমির স্বল্প উচ্চতার কারণে বাংলাদেশের একটা বড় অংশ সমুদ্র পৃষ্ঠের উচ্চতার বৃদ্ধির ফলশ্রুতিতে পানিতে নিমজ্জিত হয়ে যাবে। এর ফলে বাংলাদেশের একটা বিরাট সংখ্যক মানুষ বাস্তুহারা হয়ে পড়বেন।
- ২) সমুদ্র পৃষ্ঠের উচ্চতার বৃদ্ধির কারণে লবণাক্ত পানি বাংলাদেশের আরো গভীরে প্রসারিত হবে। ফলে, দেশের কৃষি অর্থনীতি ও উদ্ভিদজগত বিপর্যস্ত হবে।
- ৩) হিমালয় পর্বতমালার তুষার প্রবাহ সমূহ গলে যাওয়ার কারণে বাংলাদেশের নদ-নদী শীতকালে সম্পূর্ণরূপে শুষ্ক হয়ে পড়বে। অন্যদিকে গ্রীষ্মকালে অত্যধিক বৃষ্টিপাতের কারণে নদ-নদীর প্লাবন বৃদ্ধি পাবে।
- ৪) ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, প্রভৃতি চরম প্রাকৃতিক দুর্যোগমূলক ঘটনার সংখ্যা ও প্রকোপ বৃদ্ধি পাবে।
- ৫) তাপমাত্রা বৃদ্ধির কারণে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব ও বিস্তার ঘটবে।

সব মিলিয়ে, জলবায়ু পরিবর্তন বাংলাদেশের জন্য এক বিপর্যয় ডেকে আনবে। এই বিপর্যয় মোকাবেলা করার বাংলাদেশকে সহায়তা করার জন্য প্রবাসী বাংলাদেশীদের এগিয়ে আসা প্রয়োজন। মুক্তিযুদ্ধের সময় প্রবাসীরা যেমনিভাবে সক্রিয় সহযোগীতা প্রদান করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন, তেমনিভাবে জলবায়ু পরিবর্তনের দুর্যোগ মোকাবেলা করার ক্ষেত্রেও তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

জলবায়ু পরিবর্তন রোধ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশকে সহায়তার দাবীতে আন্তর্জাতিক চাপ সৃষ্টির উদ্দেশ্যে জাতিসংঘের সাধারণ পরিষদের শরতকালীন বার্ষিক অধিবেশনের আগে জাতিসংঘের নিউ ইয়র্ক সদর দফতর প্রাংগনে (রালফ বৃষ্ণ পার্ক, ১ম এভিনিউ, ৪২ ও ৪৪ সড়কের মাঝে) আগামী ১৮ই সেপ্টেম্বর (সকাল ১০টা থেকে দুপুর ১টা) প্রবাসী বাংলাদেশীদের একটি বড় জমায়েতের আয়োজন করা হয়েছে। উক্ত জমায়েতে সদলে যোগদান করে জলবায়ু পরিবর্তনের দুর্যোগ হতে বাংলাদেশকে রক্ষা করার সংগ্রামকে সফল করে তুলুন।

বাংলাদেশ সোসাইটি, নিউ ইয়র্ক (Bangladesh Society, New York)
বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (Bangladesh Environment Network), ও
বাংলাদেশীদের বিভিন্ন আঞ্চলিক, পেশাজীবী, সমাজসেবী ও অন্যান্য সংগঠন



Stop Climate Change! Save Bangladesh!



**Join the protest rally on September 18, 2009
at the United Nations Headquarters in New York**

Venue: Ralph Bunche Park, 1st Avenue, between 42nd and 44th Street

Time: 10:00 am to 1:00 pm

Dear Bangladeshis and international friends!

Bangladesh now faces a grave challenge in the form of the climate change. Though Bangladesh does not have any role in bringing about climate change, ironically it is expected to be its worst victim. Climate change is going to affect Bangladesh adversely in many ways, among which are the following:

- Due to its low elevation, a large part of the country will get inundated as a result of sea level rise, causing millions of people to lose their habitat and livelihood and forced to exodus.
- Rising sea level will cause salinity to intrude deep inside, disrupting agriculture and vegetation of the country.
- Melting of the Himalayan glaciers will dry up the rivers completely in winter, while excessive rainfall in summer will aggravate flooding.
- Extreme weather events, such as cyclone, tidal bore, etc. will increase in number and scope affecting Bangladesh, particularly its coastal districts.
- Temperature increase will cause disease and epidemic to spread further.

Altogether, climate change is an existential threat to Bangladesh and its 150 million people.

To create pressure on the international community to stop climate change and to provide assistance to Bangladesh to confront climate change, a large Bangladeshi rally will be held on September 18 (10 am – 1 pm) at the UN Headquarters (Ralph Bunche Park, 1st Avenue, between 42nd and 44th Street) in New York on the eve of the annual UN General Assembly session.

All Bangladeshis and their international friends are urged to join this rally and help save Bangladesh from the climate change havoc. Non-resident Bangladeshis played an important role in supporting Bangladesh's Liberation War. They can play a similar historic role in saving Bangladesh from climate change.

**Bangladesh Society, New York (BSNY),
Bangladesh Environment Network (BEN), and
Different regional, professional, social, and other Bangladeshi
Organizations**